গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ।

**শাল্লা উপজেলা পরিষদের অক্টোবর-২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী :**

সভাপতি: চৌধুরী আব্দুল্লাহ আল মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা।

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা

সভার তারিখ: ২৮/১০/২০২১ খ্রি:

সভায় উপস্থিতি: পরিশিষ্ট-"ক"

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন থাকলে তা উপস্থাপনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করা হয়।<br><br>সিদ্ধান্ত: কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গুলো সক্রিয় নয় মর্মে পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভাপতি গভীর ক্ষোভ প্রকাশ করেন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের স্থায়ী কমিটিগুলোর সভা নিয়মিত সম্পন্ন করে সভার নোটিশ ও সভার হাজিরাসহ কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সভাপতি/সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি |
| | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জানান যে, ঠিকা কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় লক্ষ মাত্রা সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ল্যাব টেকনিশিয়ান নিয়োগের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এক্সরে মেশিন ঠিক আছে কিনা, না থাকলে নতুন করে ঠিক করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া রোগীর পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। প্রাথমিক সেবার মানও বাড়ছে।<br><br>সিদ্ধান্ত: এক্সরে মেশিন মেরামত না থাকলে দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন ও ল্যাব টেকনিশিয়ান নিয়োগের বিষয়ে করনীয় সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা প:প: কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ, শাল্লা। |
| | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তাদের বিভাগীয় কার্য্যক্রম সুষ্ট ও সুন্দর ভাবে চলছে। আটগাঁও ইউনিয়নের রাহতলা স্বাস্থ্য কেন্দ্র চালু করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। রাহতলা কল্যান কেন্দ্রের কোন তথ্য পাওয়া যায় নি। আটগাঁও ইউনিয়নে কোন স্বাস্থ্য কেন্দ্র না থাকায় নতুন করে একটি স্বাস্থ্য কেন্দ্রের প্রস্তাব করা হয়। এ বিষয়ে ০.৩৫ একর জায়গার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: আটগাঁও ইউনিয়নে রাহতলা গ্রামের পার্শ্ববর্তী কোন এলাকায় স্থান নির্বাচন করে জমির তফসিল সহ প্রস্তাব দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাল্লা।<br><br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br><br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) |
| | উপজেলা প্রকৌশলী: উপ-সহকারী প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে এডিপির প্রথম কিস্তি বাবদ বার্ষিক উন্নয়ন তহবিলে ৩০,৬২,০০০/- (ত্রিশ লক্ষ বাষট্টি হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়।<br><br>সিদ্ধান্ত: ২০২১-২০২২ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দ খাত ভিত্তিক প্রকল্প হিসাবে এডিপির বরাদ্দ বিভাজন করে তালিকা দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এল জি ই ডি, শাল্লা। |
| | প্রাণিসম্পদ বিভাগ: প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | উপজেলা প্রনিসম্পদ কর্মকর্তা, শাল্লা। |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: উপজেলা সাধারাণ নিয়মিত থাকার জন্য প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | |
| | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, খামার যান্ত্রিকী করণ প্রকল্পের আওতায় ০৩ (তিন) টি কম্বাইন্ড হার্ভেস্টার, ০৯ (নয়) টি রিপার মেশিন, ০১ (এক) টি ড্রায়ার মেশিন ও ০২ (দুই) টি পাওয়ার ক্রেসার বরাদ্দ পাওয়া গেছে। অক্টোবরে সারের বরাদ্দ ১৫৯ মেট্রিক টন বরাদ্দ পাওয়া গেছে। বোরো মৌসুমের ০৪ (চার) জন বীজ ডিলার প্রত্যেকেই ৮০ টন করে বীজ বরাদ্দ পেয়েছেন।<br><br>সিদ্ধান্ত: মেশিন গুলো বিধি মোতাবেক দ্রুত বিতরণের সার ও বীজ বিক্রয়ের বিষয়টি জোর নজরদারীতে রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, শাল্লা। |
| | উপজেলা শিক্ষা অফিস: উপজেলা শিক্ষা অফিসার জানান যে,শাল্লা উপজেলায় ১০৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। তন্মধ্যে ৫৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মানের জন্য অনুমোদন পাওয়া গেছে। অনুমোদন প্রাপ্ত ভবন সমূহের মধ্যে ৩৪ টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। বাকী গুলোর কাজ প্রক্রিয়াধীন আছে। নতুন ভবন নির্মাণের লক্ষ্যে পুরাতন জরাজীর্ণ ভবন ভাঙ্গার ফলে অস্থায়ী ভাবে পাঠদান পরিচালনার নিমিত্তে মেইকশিফট নির্মাণ করার লক্ষ্যে ০৫ টি বিদ্যালয়ের ০৫ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য তিনি প্রস্তাব রাখেন।<br><br>সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে কাজের গুনগত মান ঠিক রেখে মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান এবং মেইকশিফট তৈরীর জন্য ০৩ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শাল্লা। |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস: উপজেলা একাডেমিক সুপারভাইজার জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সঠিক ও সুষ্টু ভাবে সম্পাদিত হচ্ছে। অত্র উপজেলায় মাধ্যমিক পর্যায়ে মেধাবী শিক্ষার্থীদের প্রতি বছর উপজেলা ভিত্তিক বৃত্তি প্রদান করিলে শিক্ষার্থীরা আরো ভাল মানের ফলাফল করিতে উদ্বুদ্ধ এবং উৎসাহিত হবে।<br><br>সিদ্ধান্ত: শাল্লা উপজেলায় মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে আগামী সাধারণ সভার পূর্বে উক্ত বিষয়ের জন্য একটি সভা করার জন্য সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার |
| | উপজেলা মহিলা বিষয়ক অফিস: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি জনাব মো: আবু তাহের মিয়া সভায় জানান যে, তাদের বিভাগীয় কাযক্রম ভালভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত: মহিলা বিষয়ক বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আননয়ের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিস, শাল্লা |
| | উপজেলা মৎস্য অফিস: উপজেলা মৎস কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ট ও সুন্দর ভাবে চলছে। শাল্লা উপজেলায় মৎস্য অভয়াশ্রমের প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: মৎস্য বিভাগীয় কার্যক্রম আরো সুষ্টু ও সুন্দর ভাবে করার জন্য অনুরোধ করা হলো। অভয়াশ্রমের জন্য পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, শাল্লা। |
| | উপজেলা সমাজ সেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, শতভাগ ভাতাভূক্ত উপজেলার মধ্যে শাল্লা উপজেলা অন্তর্ভূক্ত হওয়ায় বয়স্ক ও বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা আবেদন সম্পূর্ণ অনলাইন প্রক্রিয়ার মাধ্যমে ১০-ই সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত অত্র উপজেলার সকল ভাতাভোগীর নামে আবেদন গ্রহন করা হয়। তিনি আরো জানান যে,সংগৃহীত পুল হইতে আবেদন যাচাই বাচাই এর জন্য পর্যায়ক্রমে ইউনিয়ন কমিটিতে প্রেরণের জন্য আলোচনা করা হয়। তিনি আরো জানান যে, প্রতিবন্ধী নীতিমালায় গুরুত্বপূর্ণ পরিবর্তন আনিত হওয়ার কারণে এবং শতভাগ ঘোষিত বিধায় সকল প্রতিবন্ধীকে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে জরীপে অংশ গ্রহন করে ডিআইএস কার্ড গ্রহনের মাধ্যমে ভাতা নিতে ইচ্ছুক প্রতিবন্ধীদের সমাজসেবা কার্যালয়ে যোগাযোগের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা সমাজ সেবা, অফিসার, শাল্লা। |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: প্রতিবন্ধী নীতিমালায় গুরুত্বপূর্ণ পরিবর্তন আনিত হওয়ার কারণে এবং শতভাগ ঘোষিত বিধায় সকল প্রতিবন্ধীকে যথাযথ প্রক্রিয়ায় জরীপে অংশ গ্রহন করে ডিআইএস কার্ড গ্রহনের মাধ্যমে ভাতা নিতে ইচ্ছুক প্রতিবন্ধীদের সমাজসেবা কার্যালয়ে যোগাযোগের বিষয়ে সংশ্লিষ্ট সকলের বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর ও কাবিটার বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দ বিভাজন করা যেতে পারে বলে জানান। প্রকল্প গ্রহনের সময় নির্বাচন কেন্দ্রে যাতায়াত সুবিধা বিবেচনায় রেখে প্রকল্প গ্রহনের কথা বলেন। তফসীল ঘোষনা হইলে মেম্বার চেয়ারম্যান এর পরিবর্তে গন্যমান্য ব্যাক্তির মাধ্যমে কমিটি গঠন পূর্বক প্রকল্প কমিটি গঠন করা যেতে পারে সভাকে অবহিত করেন। মুক্তিযোদ্ধাদের ঘর এর বিজ্ঞপ্তি হয়েছে। সিডিউল বিক্রি কম হচ্ছে । বিষয়টি কর্তৃপক্ষকে জানানোর বিষয়ে উল্লেখ করেন। টিআর থেকে উপজেলা পরিষদের নৌকা ক্রয়ের জন্য ২,৫০,০০০/- টাকার বিষয়ে আলোচনা করা হয়। মানবিক সহায়তা তহবিলে এখন পর্যন্ত ৫,০০,০০০/- টাকা অব্যায়িত রয়েছে বলে জানান।<br><br>সিদ্ধান্ত: টিআর কাবিটা বরাদ্দ বিভাজন করার নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। টিআর থেকে ২,৫০,০০০/- টাকা নৌকা ক্রয় বাবদ সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। ইউপি নির্বাচন উপলক্ষ্যে যোগাযোগের সুবিধা বিবেচনায় রেখে প্রকল্প গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস,শাল্লা। |
| | উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য পরিদর্শক জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচি এ মাসে চালু হবে। খাদ্য বান্ধবের অতিরিক্ত অনুমোদিত ৭৭২ জনের তালিকা তাদের কার্যালয়ে নোটিশ বোর্ডে ও সংশ্লিষ্ট অফিসের ওয়েব পোর্টালে দেওয়ার জন্য আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: খাদ্য বান্ধবের অতিরিক্ত অনুমোদিত ৭৭২ জনের তালিকা তাদের কার্যালয়ে নোটিশ বোর্ডে ও সংশ্লিষ্ট অফিসের ওয়েব পোর্টালে দেওয়ার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত : সমবায় বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার,শাল্লা |
| | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য জানান যে,শাল্লা উপজেলায় সমগ্র দেশের পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩০০ টি পরিবারের মধ্যে পাইপ লাইনে পানি সরবরাহ করার লক্ষ্যে একটি ওভারহেট ট্যাংক ও দুইটি উৎপাদক নলকুপ স্থাপনের জন্য প্রায় ০৬ শতক জায়গার প্রয়োজন মর্মে সভায় আলোচনা করেন।<br><br>বিস্তারিত আলোচনান্তে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সুবিধাজনক জায়গা খোজে বের করার জন্য ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।<br><br>কমিটি নিম্নরুপ<br>১। এ্যাডভোকেট দিপু রঞ্জন দাশ,ভাইস চেয়াম্যান,শাল্লা — আহবায়ক<br>২। আবুল খয়ের, সার্ভেয়ার উপজেলা ভূমি অফিস, শাল্লা — সদস্য<br>৩। রাশেদুল ইসলাম, জনস্বাস্থ্য সহকারী প্রকৌশলী,শাল্লা — সদস্য সচিব<br>সিদ্ধান্ত: উক্ত কমিটিকে স্থান নির্বাচন করে সাত কার্য্ দিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| | বিবিধ: উপজেলা নির্বাহী অফিসার জানান যে বিশিষ্ট পার্লামেন্টিরিয়ান ও প্রয়াত নেতা বাবু সুরঞ্জিত সেন গুপ্তের মুর‍্যাল স্থাপনের জন্য শাল্লা ব্রীজের টার্নিং পয়েন্টে স্থান নির্ধারন করার প্রস্তাব করেন। | উপজেলা নির্বাহী অফিসার<br>শাল্লা,সুনামগঞ্জ। |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: প্রয়াত নেতা বাবু সুরঞ্জিত সেন গুপ্তের মুর্যাল স্থাপনের জন্য শাল্লা ব্রীজের টার্নিং পয়েন্টে স্থান নির্ধারন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>নতুন শতব্দীর দৈনিক শ্যামল সিলেট কর্তৃক শাল্লা উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০ একরের নিম্নে ইজারা যোগ্য জলমহাল ১৪২৮-১৪৩০ বাংলা সন মেয়াদে ইজারা বিজ্ঞপ্তি বিল নং ১৫৮১ তারিখ ২২/০৩/২০২১ মূলে ১২,০৩৯/- (বার হাজার উনচল্লিশ) টাকা ও উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নৌকা ঘাট ১৪২৮ বাংলা মেয়াদে ইজারা প্রদানের বিজ্ঞাপন বিল নং ১৫৭৩ তারিখ ১৩/০৪/২০২১ মূলে ১২,০৩৯/- (বার হাজার উনচল্লিশ) টাকা সহ সর্বমোট ২৪,০৭৮/- (চব্বিশ হাজার আটাত্তর) টাকার বিল দাখিল করেন। প্রাপ্ত বিল দুইটির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত : দৈনিক শ্যামল সিলেট কর্তৃক বিজ্ঞাপনের বিল রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

চৌধুরী আব্দুল্লাহ আল-মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ।

স্মারক নং: ০৫.৪৬.৯০১১.০০০.৩৩.০০৪.২১- ৪৮৬(৩)

তারিখ: ২৮ অক্টোবর ২০২১ খ্রি:
১২ কার্তিক ১৪২৮ বাংলা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০২। ড.জয়াসেন গুপ্তা, জাতীয় সংসদ সদস্য, দিরাই-শাল্লা-২।
০৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
০৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
০৬। অমিতা রানী দাস, মহিলা ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ।
০৭। দীপু রঞ্জন দাস, ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ।
০৮। উপজেলা --------------- অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, সকল, শাল্লা, সুনামগঞ্জ।
১০। জনাব ---------------------------------- সদস্য।

(মোঃ আল-মুক্তাদির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ।